# জনগণের কাছে না গেলে জয় মিলবে না: তারেক রহমান




বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দলীয় নেতাদের উদ্দেশে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ভোটারদের সঙ্গে যোগাযোগ ছাড়া জয়ের স্বপ্ন দেখা বাস্তবসম্মত নয়। শনিবার বগুড়ার একটি চার তারকা হোটেলের বলরুমে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

নিজের নির্বাচনী এলাকা বগুড়া-৬ (সদর) আসনের নেতাদের সঙ্গে এই বৈঠকে তিনি নির্বাচনের গুরুত্ব তুলে ধরেন। সভায় কয়েকজন নেতা ধানের শীষের জনপ্রিয়তার কথা উল্লেখ করে মাঠে না গেলেও জয় সম্ভব বলে মন্তব্য করলে তারেক রহমান তাতে দ্বিমত পোষণ করেন। তিনি স্পষ্ট করে বলেন, ঘরে বসে থাকলে হবে না, প্রত্যেক ভোটারের কাছে পৌঁছাতে হবে।

তিনি আরও বলেন, বগুড়ার সাতটি আসনেই বড় ব্যবধানে জয় নিশ্চিত করতে হবে। ব্যবধান যত বড় হবে, জনগণের রায় তত জোরালোভাবে প্রতিফলিত হবে।

সারাদেশে প্রচারণার ব্যস্ততার কারণে নিজের আসনে সময় কম দিতে পারবেন জানিয়ে তিনি স্থানীয় নেতাদের দায়িত্বশীল ভূমিকার আহ্বান জানান। তার ভাষায়, বগুড়া বিএনপির শক্ত ঘাঁটি, আর এই ঘাঁটির মানুষের খোঁজখবর রাখা স্থানীয় নেতাকর্মীদেরই দায়িত্ব।

LENS ASIA

বেলা ১১টায় শুরু হওয়া প্রায় দেড় ঘণ্টার এই মতবিনিময় সভায় তিনি আগে স্থানীয় নেতাদের অভাব-অভিযোগ ও পরামর্শ শোনেন। তৃণমূল পর্যায়ে সংগঠনকে আরও সক্রিয় করার ওপর জোর দেওয়া হয়।

সভা শেষে তিনি সিরাজগঞ্জের জনসভার উদ্দেশে রওনা দেন। পথে শাজাহানপুর ও শেরপুর মোড়ে থেমে উপস্থিত মানুষের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যও দেন।